অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/28/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পুয়ের্তো রিকো ও মার্কিন ভার্জিন আইল্যান্ডসে সংস্থান মোতায়েন করছেন প্রত্যাশিত প্রবল সামুদ্রিক ঝড়ের আগে

হারিকেন ডোরিয়ানের উপর নজরদারি এবং জরুরী প্রতিক্রিয়ায় সাহায্য করার জন্য উভয় অঞ্চলে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) কর্মীদের মোতায়েন করা হয়েছে

100 জন রাজ্য পুলিশের ট্রুপার, সরঞ্জাম সহ বিশেষ প্রতিক্রিয়ার দলকে সাহায্য করার জন্য অপেক্ষমান অবস্থায় থাকার নির্দেশ দিয়েছেন

কুওমো: "প্রেসিডেন্ট ট্রাম্প এবং ফেডারাল প্রশাসন হারিকেন মারিয়া এবং ইরমার পর পুয়ের্তো রিকোর জনগনের সাথে দ্বিতীয় শ্রেণীর নাগরিকদের মত আচরণ করার পর, নিউ ইয়র্ক স্টেট সাহায্য করতে এগিয়ে এসেছিল - এবং আমরা এখন আবার তা করছি।"

পুয়ের্তো রিকো যখন হারিকেন মারিয়া ও ইরমার ক্ষয়ক্ষতি থেকে উদ্ধার পাচ্ছে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ পুয়ের্তো রিকো এবং মার্কিন ভার্জিন আইল্যান্ডসে নিউ ইয়র্ক স্টেটের কর্মী ও সংস্থান মোতায়েন করার কথা ঘোষণা করেছেন যেহেতু আশা করা হয় যে হারিকেন ডোরিয়ান অঞ্চলটিতে তার প্রভাব ফেলবে। জরুরি প্রতিক্রিয়ার ক্ষেত্রে পুয়ের্তো রিকো ইলেকট্রিক পাওয়ার অথরিটি (Puerto Rico Electric Power Authority) এবং মার্কিন ভার্জিন আইল্যান্ডস ওয়াটার অ্যান্ড পাওয়ার অথরিটির (U.S. Virgin Islands Water & Power Authority) সঙ্গে কাজ করতে এবং পরিস্থিতির উপর নজরদারী করতে এই দুইটি স্থানে একটি কর্মীর দল পাঠানোর জন্য নিউ ইয়র্ক পাওয়ার অথরিটিকে নির্দেশ দেন গভর্নর। অতিরিক্ত NYPA কর্মী প্রয়োজন মতো মোতায়েন করার জন্য প্রস্তুত। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেট পুলিশকে (New York State Police) নির্দেশ দিয়েছেন যে, 100 জন ট্রুপারকে এই দ্বীপগুলিতে মোতায়েন করার জন্য, এবং ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security & Emergency Services) কমান্ড ও কন্ট্রোল লজিস্টিক্স, যোগাযোগ, পরিকল্পনা এবং অন্যান্য সঙ্কটকালীন সহায়তা প্রদানের জন্য প্রস্তুত রয়েছে।

"প্রেসিডেন্ট ট্রাম্প এবং ফেডারাল প্রশাসন হারিকেন মারিয়া এবং ইরমার পর দ্বিতীয় শ্রেণীর নাগরিকদের মত পুয়ের্তো রিকোর জনগনের সাথে ব্যবহার করার পর, নিউ ইয়র্ক স্টেট সাহায্য করতে এগিয়ে আসে - এবং আমরা এখন আবার তা করছি", **গভর্নর কুওমো বলেন।** "দ্বীপগুলো এখনও অতীতের ঝড়ের ধ্বংসযজ্ঞের পর আবার নিজেদের গড়ে তুলছে, যা তাদের আরো বেশি

বিপন্ন করে তুলছে আসন্ন হারিকেনের কারণে। এই কারণে আমি পরিস্থিতি পর্যবেক্ষণ এবং জরুরী প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য রাজ্যের কর্মী এবং সংস্থানসমূহ মোতায়েন করছি। নিউ ইয়র্কের পরিবার পুয়ের্তো রিকো এবং মার্কিন ভার্জিন আইল্যান্ডসের মানুষের সাথে রয়েছে এবং সব সময়ের মত আমরা কঠিন সময়ে সহায়তা করার জন্য আমাদের ক্ষমতায় যা সম্ভব তার সব কিছু করব।"

2017 সালের সেপ্টেম্বরে হারিকেন মারিয়ার আঘাতের পরে, গভর্নর কুওমো পাঁচবার পুয়ের্তো রিকোতে ভ্রমণ করেছেন ও অভাবী কমিউনিটির কাছে জরুরি সংস্থান অব্যাহত রেখেছেন। ঝড়ের অনতিবিলম্বে নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টা (Empire State Relief and Recovery Effort) প্রতিষ্ঠিত করে, যা পুরো স্টেটের 13 টি অনুদান কেন্দ্র থেকে কমপক্ষে 4,400 প্যালেট সাপ্লাই সংগ্রহ করে বিতরণ করে। নিউইয়র্ক স্টেট বিদ্যুৎ পুনরুদ্ধার ও গ্রিড স্থিতিশীলকরণে সহায়তার জন্য শত শত ইউটিলিটি কর্মী ও বিদ্যুৎ বিশেষজ্ঞ সহ 1,000 এর বেশি কর্মীকে মোতায়েন করেছে।

গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের নিউ ইয়র্ক শহরে বাস্তুচ্যুত হারিকেন মারিয়ার শিকার 11,000 এর বেশি ব্যক্তির সমর্থনে প্রায় 13 মিলিয়ন মার্কিন ডলার খরচ করেছে। এই অর্থায়নের কিছু অংশ সেই সব সংস্থার প্রতি উদ্দেশিত যারা বিপন্ন পুয়ের্তো রিকানদের প্রয়োজনীয় পরিষেবার সাথে যুক্ত করে যেমন কর্মসংস্থান, আবাসন, সুবিধাবলীর কাউন্সেলিং ও স্বাস্থ্যসেবা। এছাড়াও গভর্নর কুওমো বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের আবাসন ও কর্মসংস্থান তহবিলের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছেন: বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের শক্তিশালী কেস ম্যানেজমেন্ট সেবা প্রদানের জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রাম এবং কাজের প্রশিক্ষণ ও নিয়োগের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিবেন।

NYPA বর্তমানে পুয়ের্তো রিকোর গ্রিড পুনর্গঠন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে, বিশেষ করে এই এলাকাগুলোকে গুরুত্ব দিয়ে: প্রযুক্তিগত সহায়তা এবং অ্যাডভোকেসি, ব্যবস্থাপনা ও ক্রিয়াকলাপের সংস্কার, এবং সঙ্কটকালীন প্রস্তুতিশক্তিশালী করা। নভেম্বর 2017 এবং এপ্রিল 2018 এর মধ্যের মাসগুলিতে, NYPA-র নেতৃত্বে 450 এরও বেশি নিউ ইয়র্ক স্টেট ইউটিলিটি কর্মী পুয়ের্তো রিকো যান শক্তি পুনরুদ্ধারে সাহায্য করার জন্য। NYPA-র নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট ইউটিলিটির কর্মীদের, মধ্যে ছিলেন মূলত ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন বিশেষজ্ঞ, ক্ষতির মূল্যায়নকারী এবং সাধারণ সহায়তার কর্মী, যারা ট্রান্সমিশন লাইন এবং অন্যান্য বৈদ্যুতিক পরিকাঠামো মেরামতের কাজ করেন, তাদের প্রাথমিক শক্তি পুনরুদ্ধারের প্রচেষ্টা সান জুয়ানে কেন্দ্রীভূত করে। তারা তাদের সঙ্গে নিয়ে এসেছেন কয়েকশো বাকেট ট্রাক, ডিগার, খননযন্ত্র এবং অন্যান্য বিশেষ সরঞ্জাম যাতে ক্ষতিগ্রস্ত ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লাইনের প্রয়োজনীয় মেরামত সম্পন্ন করা যায় এবং দিনে 16 ঘন্টা করে, সপ্তাহে সাত দিন করে কাজ করেন শক্তি পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য। NYS ইউটিলিটি কর্মীরা তখন সারা দেশের ইউটিলিটি কর্মীদের সাথে যোগ দেন — এডিসন ইলেকট্রিক ইন্সটিটিউট (Edison Electric Institute), আমেরিকান পাবলিক পাওয়ার অ্যাসোসিয়েশন (American Public Power Association) এবং ন্যাশনাল রুরাল ইলেকট্রিক কোঅপারেটিভ অ্যাসোসিয়েশনের (National Rural Electric Cooperative Association) নেতৃত্বে — দ্বীপের অন্যান্য এলাকায় শক্তি পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য।

পুয়ের্তো রিকো যাতে আবশ্যকীয় ফেডারেল সহায়তা পায় তার জন্য গভর্নর কুওমো ও নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদল (New York Congressional Delegation) কাজ করে যাচ্ছে। 2017 সালে, গভর্নর কুওমো সহ নিউইয়র্ক কংগ্রেসনাল প্রতিনিধিদলের সদস্য ও পুয়ের্তো রিকান নির্বাচিত কর্মকর্তাদের সাথে একটি বিল্ড ব্যাক বেটার অ্যাসেসমেন্ট রিপোর্ট জারি করেছিলেন। প্রতিবেদনটি বিনিয়োগ প্রয়োজন এমন সুনির্দিষ্ট খাত চিহ্নিত করে যেমন আবাসন, পাওয়ার গ্রিড এবং স্থিতিস্থাপকতা, কৃষি ইত্যাদি।

2018 সালের গ্রীষ্মের পরে, গভর্নর কুওমো পুয়ের্তো রিকো রিকভারি এবং পুনর্নির্মাণ উদ্যোগ (Puerto Rico Recovery and Rebuilding Initiative) এর সাথে গ্রীষ্ম-ব্যাপী নিউ ইয়র্ক স্ট্যান্ডগুলোর সফল সমাপ্তির ঘোষণা করেছেন। গ্রীষ্মের পুরো সময় জুড়ে, 650 জনেরও বেশি স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ও সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর শিক্ষার্থী, পাশাপাশি দক্ষ শ্রম স্বেচ্ছাসেবীরা, প্রয়োজনীয় ব্যক্তিদের সহায়তা প্রদানের জন্য হারিকেন মারিয়া ও ইর্মা থেকে এখনো পুনরুদ্ধার হওয়া দ্বীপের কমিউনিটিতে ভ্রমণ করেছিলেন। বাড়িঘর পরিষ্কার, পুনঃস্থাপন ও পুনর্নির্মাণ করতে পাঁচ বারে মোতায়েন করা স্বেচ্ছাসেবকেরা প্রায় 41,000 ঘন্টার কাজ করেছে। 150 টি বাড়ি সংস্কার করার লক্ষ্য অতিক্রম করে 10 সপ্তাহে মোট 178 টি বাড়ি পুনঃস্থাপন করা হয়। 2019 সালের পুরো গ্রীষ্ম জুড়ে পুনরুদ্ধার প্রচেষ্টাতে সহায়তা করার জন্য গভর্নর SUNY ও CUNY শিক্ষার্থীদের মোতায়েন অব্যাহত রেখেছেন।

গভর্নর কুওমোর নির্দেশানুযায়ী, SUNY ও CUNY এর বোর্ড অব ট্রাস্টি 2017 সালের শরৎকালে বিধিমালা পাশ করেছে যার ফলে হারিকেন মারিয়া ও ইর্মা দ্বারা ক্ষতিগ্রস্ত পুয়ের্তো রিকো ও মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন দ্বীপপুঞ্জের ছাত্রছাত্রীদের 2017-2018 শিক্ষাবর্ষে স্টেট-মধ্যস্থ হারে টিউশন ফি পরিশোধ করার অনুমতি দেওয়া হয়েছে। উভয় সিস্টেমই 2018-2019 সালের শিক্ষা বর্ষের জন্য স্টেট-মধ্যস্থ টিউশনের অনুদান নবীকরণ করেছে।

পুয়ের্তো রিকোর জন্য চলমান পুনরুদ্ধার ও ত্রাণ প্রচেষ্টার বেপারে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে গভর্নরের পুয়ের্তো রিক ও মার্কিন ভার্জিন আইল্যান্ডের জন্য এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টার ওয়েবপেজ ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন